



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

স্মারক নং- জাতীঃ বিঃ/কঃপঃ/৪৮১৮৭

তারিখ : ২৭ জুলাই ২০২০

জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত অনেক কলেজে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যবৃন্দ গভর্নিং বডির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ২৩০/২০১৭ এর ২৫/১১/২০১৯ তারিখের রায় অনুযায়ী মাননীয় সংসদ সদস্যগণ গভর্নিং বডির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না। এমতাবস্থায় সংশ্লিষ্ট কলেজসমূহে পরবর্তী সিদ্ধান্ত না দেয়া পর্যন্ত বর্তমানে দায়িত্ব পালনরত মাননীয় সংসদ সদস্যের স্থলে বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার, জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ গভর্নিং বডির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য মাননীয় সংসদ সদস্যবৃন্দের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

বিষয়টি অতীব জরুরি।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর ড. মো. মনিরুজ্জামান
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
সংশ্লিষ্ট কলেজসমূহ
জাতীয় বিশ্ববিদ্যালয়

বিতরণ:

- ১। মাননীয় সংসদ সদস্যবৃন্দ, সভাপতি হিসেবে দায়িত্ব পালনকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
- ২। বিভাগীয় কমিশনার, সকল বিভাগ
- ৩। জেলা প্রশাসক, সকল জেলা
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
- ৫। অফিস কপি